দৈনিক ইনকিলাব

বাংলাদেশ শিক্ষা তথ্য ও পরিসংখ্যান ব্যুরো
ডকুমেন্টেশন কেন্দ্র

তারিখ ..18 ...-1988...
পৃষ্ঠা... ... ...6... কলাম...1...

# আল-কুরআন

## বিছমিল্লাহির রাহমানির রাহীম

পরম করুণাময় দয়ালু আল্লাহর নামে আরম্ভ করছি

**আলা ইন্নালিল্লাহি মাফিছ্ছামা ওয়াতি ওয়াল্‌আরদ্বি, আলা ইন্না ওয়াদাল্লাহি হাক্কুঁও ওয়ালাকিন্না আকছারাহুম্ লা ইয়ালামুন।**

(সাবধান! আকাশমণ্ডল ও পৃথিবীতে যা কিছু আছে তা আল্লাহরই, সাবধান! আল্লাহর ওয়াদা সত্য, কিন্তু তাদের অধিকাংশই অবগত নয়।)

[পারা ১১, সূরা ইউনুস, আয়াত ৫৫, রুকু-৬]

**ওয়াছবির ফাইন্নাল্লাহা লা ইউদ্বিয়ু আজ্‌রাল মুহ্‌ছিনীন।**

(তুমি ধৈর্য ধারণ কর, কেননা আল্লাহ পাক সৎ কর্মপরায়ণদের শ্রম ফল নষ্ট করেন না।)

[পারা ১২, সূরা হুদ, আয়াত ১১৫, রুকু-১০]

**ওয়া জ্বায়ালনা ফিল আরদ্বি রাওয়াছিয়া আন্ তামিদা বিহিম ওয়া জ্বায়াল্‌নাফীহা ফিজ্বাজান্ ছুবুলান্ লায়াল্লাহুম্ ইয়াহতাদুন্।**

(আর আমি পৃথিবীতে সৃষ্টি করেছি সুদৃঢ় পর্বত, যাতে পৃথিবী এদেরকে নিয়ে এদিক সেদিক ঢলে না যায়, এবং আমি তাতে প্রশস্ত পথ করে রেখেছি, যাতে তারা গন্তব্যস্থলে পৌছতে পারে।)

[পারা ১৭, সূরা আম্বিয়া, আয়াত ৩১, রুকু-৩]

* দয়া করে এই অংশটুকু হেফাজত করুন